



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩১৯.২০১৯/ ৫৪৪/৬

তারিখ: ০৪/১৪২৭বঙ্গাব্দ
১৬/০৭/২০২০খ্রিস্টাব্দ

বিষয়: গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের প্রভাষক (ইংরেজি) জনাব রাজিব কুমার দত্ত এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত।

সূত্র: অধ্যক্ষ এর পত্র নং-২০০/নক/২০১৯-২০; তারিখ: ০৫/০২/২০২০খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক (ইংরেজি) এর এমপিওভুক্তির বিষয়ে মতামত প্রদান করার জন্য অধ্যক্ষ সভাপতির প্রতিদ্বন্দ্বিতায় আবেদন করেন।

গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের শূণ্য পদে ১ম স্থান অধিকারী মোঃ সাজ্জাদ হোসেনকে নিয়োগ পত্র প্রদান করা হলে ১ম স্থান অধিকারী প্রভাষক (ইংরেজি) পদে যোগদান না করায় পরবর্তীতে ১ম স্থান অধিকারী নিয়োগ পত্র দেয়া হয় না বলে মামলা নং-০৪/২০১৭ বাদীপক্ষ কোর্টে উপস্থিত না হওয়ায় মামলাটি খারিজ হয়। শূণ্য পদে সরকারি বিধি মোতাবেক ও জিবির সভায় সিদ্ধান্ত অনুযায়ী সরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয় নিয়োগ বিধি অনুযায়ী ২য় স্থান অধিকারী রাজিব কুমার দত্তকে ২২,০০০/- টাকা এবং ৯ কোডে নিয়োগ প্রদান করা হয়। সে মোতাবেক ৩০/০৫/২০১৫খ্রি. তারিখে প্রভাষক (ইংরেজি) পদে যোগদান করেন এবং তার যোগদান পত্র গ্রহণ করা হয়।

জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক (ইংরেজি) এর এমপিওভুক্তির জন্য সেপ্টেম্বর/২০১৯ মাসে অন লাইনে আবেদন করা হয়। আঞ্চলিক কার্যালয়, রংপুর মামলা নং- ০৪/২০১৭ এর রায়ের প্রেক্ষিতে এমপিওভুক্তি করা যাবে কিনা সে বিষয়ে মতামত চেয়ে আবেদনটি রিজেক্ট করেন। এজন্য আইনগত মতামত প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেন।

আইন শাখার মতামত: দেওয়ানী মামলা নং- ০৪/২০১৭ এর আদেশের বিরুদ্ধে কোন আপিল হয়েছে কি না, হয়ে থাকলে আপিলের তথ্য প্রেরণ করার জন্য অধ্যক্ষের নিকট চাওয়া যেতে পারে।

আইন শাখার মতামত অনুযায়ী দেওয়ানী মামলা নং- ০৪/২০১৭ এর আদেশের বিরুদ্ধে কোন আপিল হয়ে থাকলে আপিলের তথ্য/কাগজপত্র প্রেরণ করার জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ জবাব দাখিল করেছেন।

অধ্যক্ষের জবাব: নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ে কর্মরত জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক, ইংরেজি এর এমপিওভুক্তির বিষয়ে বিজ্ঞ সাদুল্লাপুর সিনিয়র সহকারী জজ আদালত গাইবান্ধার দেওয়ানী মামলা ০৪/২০১৭ এর আদেশের বিরুদ্ধে কোন আপিল হয় নাই। আবেদনের সাথে বিজ্ঞ সাদুল্লাপুর সিনিয়র সহকারী জজ আদালত গাইবান্ধার কোন আপিল মামলা হয় নাই তার প্রামাণ্য কাগজ সংযুক্ত

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: “গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক (ইংরেজি) এর এমপিওভুক্তির বিষয়ে আইন শাখার মতামত চাওয়া হয়। নথি পর্যালোচনায় দেখা যায় যে, নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের ইংরেজি বিষয়ে প্রভাষক নিয়োগ প্রাপ্তির লক্ষে জনৈক মোঃ সাজ্জাদ হোসেন সহকারী জজ আদালত, সাদুল্লাপুর, গাইবান্ধা দেওয়ানী মোকদ্দমা নং-০৪/২০১৭ (অন্য) দায়ের করেন। উক্ত মামলাটি বিগত ১৩/০৫/২০১৯খ্রি. তারিখে মাননীয় আদালত বাদী পক্ষের অনুপস্থিতির কারণে খারিজ করেন। অধ্যক্ষ কর্তৃক প্রেরিত মামলার ইনফরমেশন স্লিপ অনুসারে দেখা যায় যে, দেওয়ানী মোকদ্দমা নং- ০৪/২০১৭ (অন্য) এর ১৩/০৫/২০১৯খ্রি. তারিখের বিরুদ্ধে কোন আপিল হয় নাই। সুতরাং নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়ের প্রভাষক (ইংরেজি) জনাব রাজিব দত্ত এর এমপিওভুক্তির বিষয়ে উপরোক্ত মামলায় কোন আইনগত বাধা নেই।

বিজ্ঞ আইন উপদেষ্টার মত হলো: সহকারী জজ আদালত, সাদুল্লাপুর, গাইবান্ধার দেওয়ানী মোকদ্দমা নং- ০৪/২০১৭ (অন্য) খারিজ হওয়ায় প্রভাষক (ইংরেজি) জনাব রাজিব কুমার দত্ত কে জনবল কাঠামোর বিধি বিধান অনুসরণপূর্বক এমপিওভুক্ত করা যেতে পারে”।

এমতাবস্থায়, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো।

২৩.৭.২০২০
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

রংপুর অঞ্চল, রংপুর

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা
- ২। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাদুল্লাপুর, গাইবান্ধা
- ৪। অধ্যক্ষ, নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা
- ৫। জনাব রাজিব কুমার দত্ত, প্রভাষক (ইংরেজি) নলডাঙ্গা ডিগ্রি মহাবিদ্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা
- ৬। সংরক্ষণ নথি।